শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

যীশু ১২ জন সাহায্যকারী পছন্দ করলেন

Written by: Edward Hughes

Illustrated by: Byron Unger; Lazarus

Adapted by: E. Frischbutter; Sarah S.

Translated by: Shankar Sikder

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2009 Bible for Children, Inc
স্বত্তাধিকার:গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

যীশু চমৎকার কিছু কাজ করলেন। তিনি রোগাক্রান্তকে সুস্থ করলেন, দুর্দশাগ্রস্থদের মনে ও অন্তরে শান্তি দিলেন এবং ঈশ্বরের বাক্য শিক্ষা দিলেন।

অনেক লোক যীশুর কাছে সাহায্য এবং আরোগ্য লাভের জন্য এসেছিলেন।

তিনি তাঁর অনেক অনুসারীদের মধ্য হতে ১২ জনকে বেছে নেয়ার সিদ্ধান্ড় নিলেন যেন ঈশ্বরের জন্য তারা তাঁকে ও তাঁর কাজে সাহায্য করতে পারে।

যদি আপনাকে কোন
গুরুত্বপূর্ণ বিষয়ে
সিদ্ধান্ত নিতে বলা
হয় তবে আপনি কি
ঈশ্বরের কাছে প্রার্থনা
করেন?

যীশু তা করেছিলেন। পাহাড়ের একটি নির্জন স্থানে তিনি তাঁর স্বর্গস্থ পিতার সাথে কথা বলেছিলেন। সূর্যাস্ত না হওয়া পর্যন্ত তিনি প্রার্থনা করেছিলেন।

যীশু সারা রাত
ধরে প্রার্থনা
করলেন।

সকালে যীশু তাঁর শিষ্যগণ ও বন্ধুগণ যারা তাঁর সেবা করতেন ও মেনে চলতেন তাদের সবাইকে ডাকলেন।

তাদের মধ্য হতে তিনি ১২ জনকে বেছে নিলেন যার হবেন তাঁর বিশেষ সাহায্যকারী, বা প্রেরিত।

প্রথম যে দুজনকে যীশু পছন্দ করলেন তারা হলেন শিমোন পিতর ও তার ভাই আঁন্দ্রীয়। যীশু যখন তাদের প্রথমে ডাকলেন তখন তারা তাদের মাছের ব্যবসা ছেড়ে দিয়ে যীশুকে অনুসরন করার জন্য চলে আসলেন।

শিবদিয়ের পুত্র যাকোব এবং যোহনও তাদের মাছ ধরা জাল ফেলে চলে আসলেন।



যীশু আরও কয়েকজনকে পছন্দ করলেন তারা হলেন,
ফিলিপ, বার্থলময়, মথি, থোমা, উদ্যোগী শিমোন,
আলফেয়ের পুত্র যাকোব, যাকোবের
ভাই যিহুদা এবং ইস্কারিতীয়
যিহুদা যিনি পরে
যীশুর শত্রুতে
পরিণত
হয়েছিলেন।



যীশু তাদের শিক্ষা দিলেন যে তিনি যা বলেন তা করার অর্থ হচ্ছে শক্ত ভিত্তির উপর গৃহ নির্মাণ করা। প্রলয়ংকারী ঝড়েও

সেই ঘর ভেঙ্গে পাড়বে না।

কিন্তু যীশুর কথা না মেনে চলার অর্থ হচ্ছে বালুময় ভিত্তির উপর ঘর নির্মাণ করা। যখন ঝড় আসে তখন সেই ঘর ভেঙ্গে পড়বে।



যীশুর কিছু আদেশ সহজবোধ্য ছিলনা। “যদি কেউ তোমার ডান গালে চড় দেয় তবে তুমি তোমার বাম গালটিও তার দিকে এগিয়ে দিও,” তিনি এই শিক্ষা দিয়েছিলেন।

"তোমার শত্রুদেরকেও ভালবাস।" যীশুর মত জীবন যাপন করতে মানুষের ঈশ্বরের সাহায্য প্রয়োজন রয়েছে।

যীশু লোকদের বলেছিলেন তারা যেন গোপনে প্রার্থনা করে - কিন্তু ধর্মীয় গুরুরা যেমন লোক দেখানো প্রার্থনা করে সেভাবে যেন না করে।

যীশু বলেছিলেন যারা
ঈশ্বরের উপর নির্ভর করে,
তিনি তাদের খাদ্য ও বস্ত্র
দিবেন।

যেহেতু ঈশ্বর পাখিদের
খাবার দেন এবং ফুল ও
লতা গুল্মকে সুন্দর রং
দেন সেহেতু তাঁর ...

... অনুসারীরাও তাদের
সমস্ড় প্রয়োজনের জন্য
তাঁর উপার বিশ্বাস ও
নির্ভর করতে পারে।

সেদিন যীশু তাঁর বেছে নেওয়া নতুন সহযোগীদের অনেক কিছু শিক্ষা দিলেন। যখন তিনি শিক্ষা শেষ করলেন একজন কুষ্ঠরোগী যীশুর কাছে এসে তাকে সুস্থ করে তোলার অনুরোধ জানাল।

যীশু কুষ্ঠরোগীকে বললেন, “আমি তোমাকে সুস্থ করে তুলব। তোমার মন পরিস্কার কর।” তখন তাঁর সহযোগীরা দেখলেন, কুষ্ঠরোগীটি সম্পূর্ণ সুস্থ হয়ে উঠেছে।

কেবলমাত্র ঈশ্বরের পুত্রই
এই কাজ করতে পারেন।
তাঁর সহযোগীরা বুঝতে
পারলেন যে তাদের প্রভু
এক অসাধারন লোক।

যীশু ১২ জন সাহায্যকারী পছন্দ করলেন

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

মথি ৪-৭, মার্ক ১, লূক ৬

তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে

গীতসংহিতা ১১৯ : ১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে
এই কথাগুলো বলুন:
প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার
পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার
জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং
আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি,
এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি।
আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য
থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!
যোহন ৩:১৬